



ভূমিকা:

বাংলাদেশ বিশ্বের সর্বাধিক ঘনবসতিপূর্ণ দেশ হিসেবে পরিচিত। বাংলাদেশের মত উন্নয়নশীল দেশে এখনো গৃহ নির্মাণ সামগ্রী হিসাবে কাদা মাটির তৈরি পোড়া ইটের ব্যবহার বহুল প্রচলিত। যার দরুন প্রতিবছর ২৫০-৩০০ কোটি পোড়ামাটির ইট তৈরিতে শত শত হেক্টর জমি নষ্ট হচ্ছে, লক্ষ লক্ষ টন কাঠ ও কয়লা পুড়ছে। এতে বায়ু দূষিত হচ্ছে মানুষ নানা রকম বক্ষব্যাপি ও অসুখের শিকার হচ্ছে। আমাদের সীমিত কৃষিভূমি ও জ্বালানির একমাত্র উৎস বনাঞ্চল ধীরে ধীরে কমে যাচ্ছে। মানুষ এখনো বুঝতে পারছেন না কিভাবে সে বিপন্ন করে তুলেছে নিজের বাসভূমি। পৃথিবীতে উন্নত দেশগুলি সহ আমাদের পার্শ্ববর্তী দেশ থাইল্যান্ড, চীন, কোরিয়া ও ভারতের বিভিন্ন স্থানে পোড়ামাটির ইট বন্ধ হয়েছে। দেশের ও জাতির স্বার্থে আমাদের ও বদলে ফেলতে হবে নির্মাণ ঔতিহ্যের পুরাতন ধারণা।

বিকল্প হিসাবে গত অর্ধশতাব্দীর ও বেশি সময় থেকে সারা পৃথিবী জুড়ে গৃহ নির্মাণ সামগ্রী হিসাবে খুবই জনপ্রিয় হয়ে উঠেছে কংক্রিটের তৈরি নানাবিধ ব্লক। বেশ কিছুকাল আগে থেকে বাংলাদেশেও এই গৃহনির্মাণ প্রযুক্তি ক্রমান্বয়ে জনপ্রিয় হয়ে উঠেছে। প্রচলিত গৃহ নির্মাণ সামগ্রীর উচ্চমূল্যের কারণে এবং নির্মাণ কর্মকাণ্ডের গুণগত মান বৃদ্ধির মানসে। এ সকল নির্মাণসামগ্রী আমেরিকান স্ট্যান্ডার্ড দ্বারা নিয়ন্ত্রিত, বিশ্বব্যাপী বহুল প্রচলিত। সম্পদের অপচয় রোধ, মিতব্যয় অনুশীলন এবং সর্বোপরি ভূমিকম্প সহনশীলতার ক্ষেত্রে কংক্রিট ব্লক একটি আদর্শ নির্মাণ সামগ্রী।

বিশেষত বিজ্ঞানীদের সাম্প্রতিক জরিপে প্রেক্ষিতে ভূমিকম্প প্রবণ এলাকা হিসাবে ঢাকার গৃহনির্মাণে কংক্রিট ব্লক সর্বাধিক মৌলিক নির্মাণ সামগ্রী হিসেবে বিবেচনায় স্থান করে নিয়েছে।

কংক্রিট ব্লক এর প্রয়োজনীয়তা:

প্রযুক্তিগত উন্নয়ন এবং বিকাশের সাথে বৈশ্বিক পরিবেশের ভারসাম্য বজায় রাখা এখন গুরুত্বপূর্ণ প্রতিপাদ্য বিষয়। আধুনিক সভ্যতার শুরু থেকে ইমারত (আবাসন, বাণিজ্যিক) সড়ক নির্মাণের জন্য ইটএকটি প্রধান নির্মাণ সামগ্রী হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। ইট উৎপাদন প্রক্রিয়া পরিবেশগত, স্বাস্থ্যগত প্রতিকূলতা যখন দৃশ্যমান হয় তখন এর বিকল্প উদ্ভাবন ও ব্যবহার অনস্বিকার্য হয়ে পড়ে। এই দৃষ্টিকোণ থেকে একটি গ্রহণযোগ্য ও সর্বতো যুক্তিযুক্ত বিকল্প হতে পারে কংক্রিট ব্লক। কংক্রিট ব্লক এবং ইটের তুলনামূলক একটি বিশ্লেষণ এবং সার্বিক পর্যালোচনায় কংক্রিট ব্লক অবশ্যই অধিক গ্রহণযোগ্য বলে বিবেচিত হওয়ার দাবী রাখে।

কংক্রিট হলো ব্লকের বৈশিষ্ট্য:

১. সিমেন্ট, বালু ও পাথর চূর্ণ দ্বারা তৈরি কংক্রিট ব্লক অধিক মজবুত, উন্নতমানের খরচ ও সময় সাশ্রয়ী এবং পরিবেশ অনুকূল।
২. আমেরিকা, ইউরোপ, জাপান, মধ্যপ্রাচ্যের দেশসহ উন্নত বিশ্বে দেয়ালের জন্য শুধুমাত্র কংক্রিট ব্লক ব্যবহার করা হয়।
৩. দেয়াল গাথুনির আগে সাধারণ ইটের মতো এই ব্লক পানিতে ভিজাতে হয় না।
৪. দেয়াল গাঁথার পরদিন থেকে ৭-১০ দিন পর্যন্ত সম্পূর্ণ দেয়াল পানি দিয়ে দৈনিক তিনবার কিউরিং করতে হবে।
৫. প্লাস্টার করার সময় ব্লকের দেয়াল পানি দিয়ে ভিজাতে হয় না, প্রয়োজনে হালকা সিমেন্ট গ্রাউন গ্রাউন গ্রাউড করা যেতে পারে।
৬. পরিচর্চা খরচ নেই বললেই চলে।
৭. কংক্রিট ব্লকের তৈরি পাটিশন দেয়ালের প্লাস্টারের প্রয়োজন হয় না।
৮. দেয়াল না কেটে অতি সহজে ইলেকট্রিক এবং সেনেটারী পাইপ বসানো যায়।
৯. কংক্রিট ব্লকের দেয়াল সাধারণ দেয়ালের মতো ঘামে না এবং ডাম্প হয় না।
১০. সর্বাধিক অগ্নি নিরোধক।
১১. বিল্ডিং এর সৌন্দর্য বৃদ্ধি করে।
১২. কংক্রিট ব্লক বহুবিধ ব্যবহার উপযোগী এবং বৈচিত্র্যময়।
১৩. সর্বোৎকৃষ্ট শব্দ দূষণ মুক্ত হয়ে থাকে।
১৪. দরজার চৌকাঠে কাঠের সাশ্রয় হয়।

কংক্রিট হলো ব্লকের কাজের নিয়মাবলী:

১. শুকনো উঁচু এবং সমতল জায়গায় ব্লক রাখুন বৃষ্টি বা অতিরিক্ত পানি হতে ব্লক আড়ালে রাখুন।
২. কাঁচা মাটিতে ব্লক রাখবেন না মাটির উপর পলিথিন বিছিয়ে ব্লক রাখুন।
৩. মটারে সিমেন্ট ও বালির অনুপাত ১:৫।
৪. মটারে মটার মিশ্র (এক ব্যাগে সিমেন্ট ১০০ মিলিলিটার) ব্যবহার করুন।
৫. শুকনো ব্লক দিয়ে দেয়াল গাঁথুন সাধারণ ইটের মতো ব্লক পানিতে ভেজাবেন না।
৬. ব্লকের ফাঁকা অংশে কোন মসলা না পড়ে সেজন্য ব্লকের ফাঁকা অংশের উপর গজ/ পাটা ধরে মিস্তিকে দেয়াল গাড়ে দেয়াল গাথা গাথতে বলুন।
৭. বিম বা ছাদের নিচে ১" - ১১/২" এর মতো ফাঁকা জায়গা রাখুন এবং প্লাস্টার এর পূর্বে সিসি করে দিন।
৮. দেয়ালের একান্তে ১" - ১ ১/২" ফাঁকা রেখে কন্ট্রোল জয়েন্ট তৈরি করুন এবং দেয়াল গাথার ৪/৫ দিন পরে সিসি করে দিন।
৯. পরদিন স্বাভাবিক মসলা দিয়ে সাধারণ নিয়মে পূর্ববর্তী গাঁথুনি দিন পরবর্তী গাঁথুনির ওপর কোনরূপ গ্রাউটিং প্রয়োজন হয় না।
১০. দরজা, জানালা বা উন্মুক্ত অংশের দু'পাশের ফাঁকা অংশ লিনটন লেভেল থেকে মেঝে পর্যন্ত ৩ নং ওয়ারমেস ব্যবহার করুন এবং ব্লকের ফাঁকা স্থান গ্রাউট (১:২:২) দিয়ে ঢালাই করে দিন।
১১. জানালার সিলের নিচে একটি ৩ নং রাবার ব্যবহার করুন এবং ব্লকের ফাঁকা স্থানে গ্রাউট (১:২:২) দিয়ে ঢালাই করে দিন।
১২. ১০ ফুট এর চেয়ে লম্বা দেয়ালের মাঝামাঝি একটি ফাঁকা অংশ লিনটন লেভেল থেকে মেঝে পর্যন্ত ৩ নং ওয়ারমেস এবং (১:২:২) দিয়ে ঢালাই করে দিন।
১৩. লিনটন ডিজাইন অনুযায়ী ওয়ারমেস এবং (১:২:২) দিয়ে কংক্রিট ঢালাই করুন।
১৪. বৃষ্টির দিনে কাজের শেষে গাঁথা অংশ পলিথিন দিয়ে ঢেকে রাখুন।
১৫. ব্লক গাথার পরদিন থেকে পানি দিয়ে দৈনিক তিনবার কিউরিং করুন।
১৬. প্লাস্টার করার আগে দেয়াল ভালোভাবে শুকাতে দিন।
১৭. বাইরের দেয়ালের ভিতরে এবং অন্যান্য সকল দেয়ালের দুই পাশেই ৬ মিমি (২ সুতা) প্লাস্টার করুন।
১৮. প্লাস্টারে (১:৫) মসলা ব্যবহার করুন, প্লাস্টারে সিমেন্ট (৫০০ গ্রাম, প্রতি ব্যাগে) ব্যবহার করুন।
১৯. বেষ্টনী দেয়ালের বাইরের দিকে ৩ মিমি (১ সুতা) প্লাস্টার করুন, প্লাস্টারে (১:৫) মসলা ব্যবহার করুন।
২০. প্লাস্টার করার একদিন পর থেকে ইচ্ছামতো পানি দিয়ে কিউরিং (৭ দিন) করতে হবে।
২১. বৃষ্টির দিনে দেয়াল গাঁথুনি বা প্লাস্টারে বেশি কিউরিং প্রয়োজন নেই।
২২. লিনটন লেভেলের ব্লক গাঁথুনির আগে ইলেকট্রিক এবং পানির পাইপ বসিয়ে নিন।



কংক্রিট ব্লক ইট সম্পর্কিত কিছু কথা ?

আমাদের দেশে পাকা বাড়ী নির্মাণ কাজে পোড়া মাটির ইটের চাহিদা মেটানোর জন্য রয়েছে অসংখ্য ইটের ভাটা, যার ফলে বিনামূল্যে ফসলী জমির উপরিভাগের উর্বর মাটি। গাছপালা জ্বালানী হিসাবে ব্যবহৃত হওয়ায় সৃষ্টি ধোঁয়ায় ক্ষতিগ্রস্ত হচ্ছে পরিবেশ। হ্রাস পাচ্ছে বায়ুর ওজন স্বর এবং প্রাণিকুলে সৃষ্টি হচ্ছে নানা রোগের। ইহা হতে পরিব্রাণের জন্য পৃথিবীর বিভিন্ন উন্নত দেশে কংক্রিট ব্লক ইটের ব্যবহার বহুপূর্ব হতে চলে আসছে। ২০১৩ সালে বাংলাদেশে মাটির ইট ভাটা নিয়ন্ত্রণ আইন প্রনয়ন করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ইতিমধ্যে মাটির পোড়ানো নতুন/পুরাতন ইটের ভাটা বন্ধে বিধি নিষেধ আরোপ সহ বিভিন্ন মন্ত্রণালয়ের অধীন সকল সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানের নির্মাণ কাজে কংক্রিট ব্লক ইট ব্যবহারের আদেশ জারি করে।

ইকো অ্যাডভান্স কনস্ট্রাকশন ম্যাটেরিয়ালস কোম্পানি লিঃ পরিবেশকে অনুকূলে আনতে সরকারের কর্মকাণ্ডের সাথে একতাবদ্ধ হয়ে পরিবেশ বান্ধব কংক্রিট ব্লক ইট উৎপাদন ও বাজারজাত শুরু করেছে।

ব্লক ইট উৎপাদন পদ্ধতি :

আমরা জার্মান টেকনোলজি ও চায়নায় তৈরী সম্পূর্ণ স্বয়ংক্রিয় হাইড্রোলিক প্রেসারে কমপ্রেস মেশিনে দক্ষ কারিগর দ্বারা কংক্রিট ব্লক তৈরী করি। এই আধুনিক মেশিন দ্বারা বিভিন্ন সাইজ ও রংয়ের উন্নতমানের কংক্রিট ব্লক প্রস্তুত করা হয়। উৎপাদন পদ্ধতিতে কোন প্রকার কাঠ, কয়লা বা গ্যাস ব্যবহার করা হয় না, শুধুমাত্র জ্বালানী হিসাবে বিদ্যুৎ ব্যবহৃত হয়।

কংক্রিট ব্লক এর সুবিধা:

১. মাটির পরিবর্তে সিমেন্ট, বালি, স্টোন চিপস ব্যবহৃত হয় বিধায় কৃষিজমি নষ্ট হয় না।
২. কংক্রিট ব্লক আগুনে পোড়ানোর প্রয়োজন পড়ে না এতে জ্বালানী সাশ্রয় হয় বনায়নে প্রভাব পড়ে না এবং কোন গ্যাস নিঃসরণের অবকাশ নেই ফলে বায়ু দূষণ মুক্ত থাকে।
৩. কংক্রিট ব্লক টেকসই ও দীর্ঘস্থায়ী হয় ফলে নির্মিত স্থাপনা মজবুত হয়।
৪. মূল্য বিবেচনা কংক্রিট ব্লক ইট থেকে সস্তা অথবা সমমূল্যের।
৫. কংক্রিট ব্লক সাধারণত ফাপা হয়। দেয়ালের ওজন (ডেডলোড) কমিয়ে দেয়, ফলশ্রুতিতে ভবনের ভিত্তি (ফাউন্ডেশন) এবং উপরিকাঠামো (সুপার স্ট্রাকচার) এর খরচ কমে যায়।
৬. কংক্রিট ব্লক এর পানি শোষণ ক্ষমতা কম হওয়ার ফলে দেয়াল সমূহের আদ্রতার (ড্যামেজ) সম্ভাবনা নেই।
৭. কংক্রিট ব্লক তাপ ও অগ্নি নিরোধক হওয়ার ফলে ভবনের অগ্নি ঝুঁকি অনেক কম, তাছাড়া ঘরের ভিতরের তাপমাত্রা কম থাকে বিধায় এয়ারকন্ডিশন লোড কমে যায়।

ইট ব্যবহারের ক্ষতিকারক দিকগুলো:

১. কৃষি জমির উপরিভাগের মাটি দিয়ে ইট তৈরী করতে হয় ফলে প্রচুর কৃষি জমি ধ্বংস হয়।
২. ইট ভাটায় কাঠ, বাঁশ, কয়লা ইত্যাদি পুড়িয়ে ইট তৈরী করতে হয় বলে নির্গত গ্যাস পরিবেশ দূষণ করছে, প্রচুর জ্বালানীর অপচয় এবং বনাঞ্চল নষ্ট হচ্ছে।
৩. ইটভাটা হতে নিঃসৃত বিভিন্ন গ্যাস বায়ুমণ্ডলের উষ্ণতা বৃদ্ধি ও দূষণ করে জনজীবনে মারাত্মক ব্যাধি সংক্রমিত করছে।

সার্বিক বিবেচনায় কংক্রিট ব্লক ব্যবহার ইটের চেয়ে অধিকতর শ্রেয় বিধায় আসুন আমরা ইটের বিকল্প হিসাবে পরিবেশবান্ধব কংক্রিট ব্লক ব্যবহার করি।

Hollow Block




390 x 190 x 90 mm
PCI-HB




390 x 190 x 100 mm
PCI-HB



390 x 190 x 140 mm
PCI-HB



390 x 190 x 150 mm
PCI-HB



390 x 190 x 190 mm
PCI-HB

Drain Block Carb Stone



400 x 300 x 150/25 mm
PCI-Saucer Drain




400 x 400 x 150 mm
PCI-Protection Block



400 x 400 x 150 mm
PCI-Protection Block



500 x 350 x 105 mm
New Saucer Drain




510 x 300 x 200/150 mm
PCI-New K-1



500 x 250 x 105 mm
PCI-New K-3

কংক্রিট ব্লক তৈরির মেশিন :

চিত্র : হাইড্রোলিক কমপ্রেস কংক্রিট ব্লক মেশিন



কংক্রিট ব্লক ইট তৈরির কাচামাল সমূহঃ



চটান চিপস্ (Stone Chips)



বুড় পাথর (Pea Gravel)



চটান ডাস্ট (Stone Dust)



মোটা বালু (Sylhet Sand)



সিমেন্ট (Cement)



কেমিক্যাল (Admixture)





১) কংক্রিট ব্লক দেয়ালে পানি ও বিদ্যুৎ পাইপ বসানো পদ্ধতিঃ

১. ইলেকট্রিক/পানির জন্য খাড়া ভাবে লাগাতে হলে নির্ধারিত ড্রয়িং অনুযায়ী নির্দিষ্ট দেয়ালে ব্লকের ফাঁকা অংশের মধ্য দিয়ে পাইপ দিতে হবে।
২. আড়াআড়ি ভাবে পাইপ বসাতে হলে ব্লকের রিব কেটে বসাতে হবে।
৩. ইলেকট্রিক/পানির লাইন বসানোর জন্য আগে থেকেই ইলেকট্রিক/পানির সাপ্লাই লাইনের ড্রয়িং এবং প্ল্যানিং থাকা আবশ্যিক, যা আপনাকে পরবর্তীতে দেয়াল কাটা/ভাঙ্গার হাত থেকে রক্ষা করবে।
৪. ব্লকের গাঁথুনি শেষ হওয়ার পর যদি ইলেকট্রিক/পানির পাইপ লাইনের কোন স্থান পরিবর্তন প্রয়োজন হয় তবে অবশ্যই ব্লক ওয়াল ইলেকট্রিক কাটার মেশিন দিয়ে কেটি পাইপ লাইন বসাতে হবে।




২) কংক্রিট হলো ব্লকের সীমানা প্রাচীর ও পিলার নির্মাণ পদ্ধতিঃ

সীমানা প্রাচীর নির্মাণের জন্য প্রয়োজন মত মাটি কেটে পলিথিন দিয়ে সি সি ঢালাইয়ের উপর নিচের চিত্রানুযায়ী দেয়াল গাঁথুনি।



৩) কন্ট্রোল জয়েন্ট

কংক্রিট ব্লক দ্বারা নির্মিত ২টি আর সি সি পিলারের মাঝের দেয়ালের যে কোন একপাশের দেয়াল ও কলামের মাঝে চিত্রানুযায়ী সিমেন্টের ব্যাগ/পলিথিন দ্বারা কন্ট্রোল জয়েন্ট তৈরি করুন।





কংক্রিট ব্লক এর দেয়াল



সাধারণ ইটের দেয়াল

কংক্রিট ব্লক ও সাধারণ ইটের তুলনামূলক হিসাব

প্রতি ১০০ বর্গফুট কংক্রিট ব্লকের কাজ

ব্লক	=	১১৩টি
ব্লকের মূল্য ১১৩ X ৪০/-	=	৪৫২০/-
সিমেন্ট ৭০ কেজি X ১০	=	৭০০/-
বালু ৮ বর্গফুট X ৩০/-	=	২৪০/-
মিস্ত্রী+হেল্পার	=	১২০০/-
মোট খরচ	=	৬৬৬০/-

কংক্রিট ব্লকের প্লাসটার কাজ

সিমেন্ট ৫৫ কেজি X ৯.২০	=	৫০৬/-
বালু ৫ বর্গফুট X ৩০/-	=	১৫০/-
মিস্ত্রী+হেল্পার	=	৬০০/-
মোট খরচ	=	১২৫৬/-
সর্ব মোট খরচ	=	৭৯০৬/-

প্রতি ১০০ বর্গফুট সাধারণ ইটের কাজ

সাধারণ ইট	=	৫০০টি
ইটের মূল্য ৫০০ X ১০/-	=	৫০০০/-
সিমেন্ট ১০০ কেজি X ৯.২০	=	৯২০/-
বালু ১২ বর্গফুট X ৩০/-	=	৩৬০/-
মিস্ত্রী+হেল্পার	=	১৮০০/-
মোট খরচ	=	৮০৮০/-

সাধারণ ইটের প্লাসটার কাজ

সিমেন্ট ৭৫ কেজি X ৯.২০	=	৬৯০/-
বালু ৯ বর্গফুট X ৩০/-	=	২৭০/-
মিস্ত্রী+হেল্পার	=	১২০০/-
মোট খরচ	=	২১৬০/-
সর্ব মোট খরচ	=	১০২৪০/-

কংক্রিট ব্লকে প্রতি ১০০ বর্গফুট কাজের খরচ সাশ্রয় হয় = (১০২৪০ টাকা - ৭৯০৬ টাকা) = ২৩৩৪/-


অর্থাৎ ২৩.২৪% কম সাধারণ ইটের তুলনায় কংক্রিট ব্লক (স্থান ভেদে কাটা মালের মূল্য ও মিস্ত্রী খরচ কম-বেশী হতে পারে)

কংক্রিট ব্লকের দেয়ালের ওজন তুলনামূলকভাবে কম বিধায় কলামের সাইজ, ফুটিং এর সাইজ, গভীরতা ও রড কম লাগে। সর্বোপরি কম খরচে পরিবেশবান্ধব স্বাস্থ্যসম্মত, শক্ত, মজবুত, টেকসই, সুন্দর, দীর্ঘস্থায়ী উন্নতমানের বিল্ডিং নির্মাণে কংক্রিট হলো ব্লকের কোন বিকল্প নাই। বিল্ডিংয়ের রং উজ্জ্বলতা ও স্থায়িত্ব বৃদ্ধি করে।

Kerb Stone, Uni Block & Solid Block



550 x 400 x 120/65 mm
PCI-K6



600 x 200 x 100/60 mm
PCI-K3



550 x 380 x 150/120 mm
PCI-K1



222 x 110 x 60 mm
PCI-Uni Block



222 x 110 x 80 mm
PCI-Uni Block R



222 x 110 x 100 mm
PCI-Uni Block G



240 x 115 x 70 mm
PCI-Solid Block



200 x 100 x 80 mm
Rectangular



200 x 100 x 60 mm
Rectangular



240 x 110 x 70 mm
PCI-3 Holo Block



390 x 190 x 90 mm

200 x 100 x 80 mm
Rectangular

Parking Tiles



300 x 300 x 25 mm
PCI-PR13



300 x 300 x 25 mm
PCI-PG14



300 x 300 x 25 mm
PCI-PR15



300 x 300 x 25 mm
PCI-PG16



300 x 300 x 25 mm
PCI-PR17



300 x 300 x 25 mm
PCI-PG18



300 x 300 x 25 mm
PCI-PR19



300 x 300 x 25 mm
PCI-PY20



300 x 300 x 25 mm
PCI-PG21



300 x 300 x 25 mm
PCI-PG23



300 x 300 x 25 mm
PCI-PR22



300 x 300 x 25 mm
PCI-PG24


Parking Tiles



300 x 300 x 25 mm
PCI-P01



300 x 300 x 55 mm
PCI-P02



300 x 300 x 55 mm
PCI-P03



300 x 300 x 55 mm
PCI-P04



300 x 300 x 55 mm
PCI-P05




300 x 300 x 55 mm
PCI-P06



300 x 300 x 55 mm
PCI-P07




300 x 300 x 55 mm
PCI-P08



300 x 300 x 55 mm
PCI-P09



300 x 300 x 55 mm
PCI-P10



300 x 300 x 55 mm
PCI-P11



300 x 300 x 55 mm
PCI-P12



Eco Advanced Construction Materials Com. Ltd.

Head Office: 159/D, Kunipara, Tejgaon, I/A, Dhaka-1208

Factory: Kayet Para (Police Line Road), Demra, Dhaka-1360

Web: www.eacmcl.com, **E-mail:** eacmcl@gmail.com

Cell: 01823-220932, **Tel:** 02-88705150

